

## বাকুবিতে বিএনপিপন্থি শিক্ষকদের অনির্দিষ্টকালের ক্লাস-পরীক্ষা বর্জন নিয়োগ বাণিজ্য ও হুমকির প্রতিবাদ

### ■ বাকুবি প্রতিনিধি

নিয়োগ বাণিজ্য বন্ধ এবং হুমিলাপত সন্ত্রাসী কর্তৃক শিক্ষকদের সঙ্গে অসৌজন্যমূলক আচরণ ও প্রাণনাশের হুমকির প্রতিবাদে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকুবি) বিএনপিপন্থী শিক্ষকরা গত

রবিবার থেকে অনির্দিষ্টকালের জন্য সকল ধরনের ক্লাস-পরীক্ষা বর্জন করেছেন এবং আগামী ৯ নভেম্বর অনুষ্ঠিত জর্ডি পরীক্ষা বর্জনের সিদ্ধান্ত গ্রহণ করেছেন। পুনর্নির্ধারিত সূচি অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের বিএনপি পন্থী শিক্ষকদের 'সোনালী দল'-এর নেতৃত্বশীল শনিবার সন্ধ্যা ৭টার দিকে উপাচার্য অধ্যাপক ড. মো. রফিকুল হকের বাসভবনে গিয়ে সাক্ষাৎ করতে চাইলে উপাচার্য সাক্ষাৎ করতে অপরাগতা প্রকাশ করেন। এরপর সোনালী দলের শিক্ষক নেতৃত্বশীল তাদের সাধারণ সভায় পন্থীত সিদ্ধান্তের আলোকে গতকাল রবিবার থেকে আন্দোলনে যাওয়ার ঘোষণা দেন।

বিএনপি পন্থী শিক্ষকরা রবিবার সকাল সাড়ে ১১টার দিকে সকল ক্লাস-পরীক্ষা বর্জন করে বিশ্ববিদ্যালয়ের মাইক্রোসায়েন্সভি এন্ড হাইটেক বিভাগের গ্যাপারিতে আন্দোলন করেন। আলোচনাশেষে দুপুর সাড়ে ১২টার দিকে শিক্ষকরা তাদের দাবির পক্ষে ক্যাম্পাসে ঘেঁষা মিছিল বের করেন। মিছিলে দেড় শতাধিক শিক্ষক অংশগ্রহণ করেন। মিছিলটি ক্যাম্পাসে গুরুত্বপূর্ণ সড়ক ও সকল অনুষ্ঠান প্ররক্ষিত করে। বিএনপি পন্থী শিক্ষকদের আন্দোলন বন্ধ করে ক্লাসে ফিরে আসার আহ্বান জানিয়ে সকল অনুষ্ঠানের ছাত্র সমিতির উদ্যোগে শিক্ষার্থীরা গতকাল দুপুরে ক্যাম্পাসে মিছিল ও সমাবেশ করেছে। বিএনপি পন্থী শিক্ষকরা ক্লাস না নেয়ার বিভিন্ন অনুষ্ঠানে শিক্ষকদের কক ডালাবদ্ধ অবস্থায় পাওয়া যায়। মহামন্ত্রটি সরকার কখনোয় আসার পর এই প্রথমবারের মতো সোনালী দলের শিক্ষকরা একযোগে ক্লাস-পরীক্ষা বর্জন ও জর্ডি পরীক্ষা বর্জনের সিদ্ধান্ত নেয়ার ক্যাম্পাসে অচলাবস্থার সৃষ্টি হয়েছে। তবে আওতাধীন পন্থী শিক্ষকরা ক্লাস-পরীক্ষা নিয়েছেন।

সোনালী দলের সভাপতি অধ্যাপক ড. ইন্ড্রি মিত্রা ইত্তেফাককে বলেন, সোনালী দলের পক্ষ থেকে বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সাক্ষাৎ চেয়েও পাওয়া যায়নি। দাবি আদায়ে আমরা রবিবার থেকে অনির্দিষ্টকালের জন্য ক্লাস-পরীক্ষা ও ৯ নভেম্বরে অনুষ্ঠিত জর্ডি পরীক্ষা গ্রহণে বিরত থেকে বিভিন্ন কর্মসূচির মাধ্যমে আন্দোলন চালিয়ে যাব। প্রচুর অধ্যাপক ড. শহীদুল হুসমান খান বলেন, বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি সত্য হাথার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হয়েছে। প্রয়োজন হলে আরও কঠোর পদক্ষেপ নেয়া হবে।

শিক্ষকদের অবস্থান ধর্মঘট পালন, ছাত্রদের ১৬ নেতাকর্মী গ্রেফতার গতকাল সোমবার দুপুরে প্রশাসনিক ভবনের সামনে উপাচার্যের পদত্যাগ দাবি সচলিত স্লোকার্ড নিয়ে অবস্থান ধর্মঘট কর্মসূচি পালন করেন বিএনপিপন্থী শিক্ষকরা। গতকাল ভোরে বাকুবি ছাত্রদের ১৬ নেতাকর্মীকে গ্রেফতার করেছে ডিবি পুলিশ ও হায়বের টহলরত একটি দল। গতকাল সকালে ক্যাম্পাসে কটাকা মিছিল বের করে বাকুবি শাখা ছাত্রলীগের।